# এনডিপি বার্তা

সংখ্যা ২৭ । বর্ষ ১৩ । জানুয়ারি - মার্চ, ২০২১

## সূচিপত্র


- এনডিপি'র ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী ১
- দরিদ্র মেধাবি শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান,
- প্রাথমিক শিক্ষায় সামাজিক নিরীক্ষা,
- সিএসও কোয়ালিশনের সভা ২
- R2iG এর ইনসেপশন মিটিং,
- এনডিপি ফিড এর প্রচারণা 'প্রিমিয়ার শো',
- জামালপুরে এমফোরসি প্রকল্পের বাজার সংযোগ কর্মশালা ৩
- আহ্ছানিয়া মিশনের পক্ষ থেকে কম্বল বিতরণ,
- সৌহার্দ্য III কর্মসূচী'র ষান্মাসিক সভা,
- ইইএস প্রকল্পের নিরাপদ খাদ্য বিষয়ক র‍্যালী ও আলোচনা সভা,
- এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৪
- এসইপি তাঁত প্রকল্পের দিনব্যপি প্রশিক্ষণ,
- চৌহালীতে ভিজিডি কর্মসূচির সঞ্চয় ফেরত,
- মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রশিক্ষণ ৫
- সিজিবিভি প্রকল্পের উদ্যোগে গণশুনানি,
- এনডিপি'র কৃষি ইউনিটের সফলতা,
- এসআরএলএফআরআরএস প্রকল্পের খামারীদের গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ,
- জানুয়ারী-মার্চ এর প্রকল্প শুরু ও শেষের সংক্ষিপ্ত বিবরণ ৬
- ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের অবহিতকরণ সভা,
- সমৃদ্ধি কর্মসূচির ৩টি পরিবারকে অনুদান,
- বিআরএজেডএইচ প্রকল্পের আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণ,
- এনডিপি'র উদ্যোগে মোছাঃ সুমাইয়া খাতুনকে (১৩) উদ্ধার ৭
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির নারী দিবস ২০২১ উদ্‌যাপন ৮


## সম্পাদনা পরিষদ


প্রধান সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

সম্পাদক ঃ

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী

ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## এনডিপি'র ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী




এনডিপি'র প্রতিষ্ঠা বার্ষিকীতে কেক কাটছেন সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ

প্রতিষ্ঠার ২৯ বছর উদ্‌যাপন করেছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। ১৯৯২ সালের ০১ জানুয়ারী কার্যক্রম শুরু করে উত্তর জনপদের স্বনামধন্য এই বেসরকারী উন্নয়ন সংস্থা। ১ জানুয়ারী ২০২১ এনডিপি'র প্রধান কার্যালয়ে কেক কাটার মাধ্যমে ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। তিনি বলেন, এনডিপি নিঃসন্দেহে একটি প্রতিষ্ঠিত বেসরকারী উন্নয়ন সংস্থা। যদিও শুরুর দিকে কার্যক্রম পরিচালনা এতটা মসৃণ ছিলো না বলে আমার বিশ্বাস। আজকে এ অবস্থানে আসতে এনডিপিকে অনেক কাঠখোর পোড়াতে হয়েছে নিশ্চয়ই। যেকোন প্রতিষ্ঠানের ২৯ বছর স্বচ্ছতা ও দক্ষতার সাথে পরিচলনা করা মোটেও সহজ নয়। এটা বলা যতটা সহজ তার থেকে অনেক বেশি কঠিন বাস্তবায়ন করা। এজন্য তিনি সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানকে ধন্যবাদ জানান। একইসাথে উপস্থিত সকলকে করোনা ভাইরাসের ভয়াবহতা সম্পর্কে অবগত করেন এবং সামাজিক দূরুত্বের পাশাপাশি মাস্ক পরিধান করার পরামর্শ প্রদান করেন।

এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান বলেন, '২৯ বছর পূর্বে এনডিপি খুবই ছোট পরিসরে যাত্রা শুরু করে । যদিও যাত্রার শুরুতে যারা ছিলেন তাদের অনেকেই আজ নেই, আমি তাদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। এনডিপি বাংলাদেশের ১৮টি জেলায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে ৪০টি কর্মসূচি চলমান রয়েছে এবং ৭ লক্ষাধিক সুবিধাভোগী রয়েছে। এছাড়া প্রায় ১,০০০ জন কর্মকর্তা ও কর্মচারী এখানে কর্মরত রয়েছেন।

অনুষ্ঠানে জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা প্রশাসনের প্রায় সকল উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করেন। এছাড়া এনডিপি'র সকল পরিচালকবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উন্নয়নের ২৯ বছর

# দরিদ্র মেধাবি শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান




*বৃত্তি প্রদান অনুষ্ঠানে সম্মানিত পুলিশ সুপার হাসিবুল আলম, বিপিএম*

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে এনডিপির শিক্ষা সহায়তা কর্মসূচির আয়োজনে দরিদ্র মেধাবি ছাত্র/ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। ২৪ মার্চ ২০২১ তারিখে এনডিপি'র সিএসআর ফান্ড ও ঋণ সহায়তা কর্মসূচির অর্থায়নে এই শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য পুলিশ সুপার হাসিবুল আলম, বিপিএম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কে, এম, রাকিবুল হুদা, অফিসার ইনচার্জ, কামারখন্দ থানা, সিরাজগঞ্জ এবং শফিকুল ইসলাম, সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্যে তিনি শিক্ষা সহায়তা কর্মসূচির পাশপাশি শিক্ষার মান বৃদ্ধির জন্য ৩৭টি শিক্ষা চর্চা কেন্দ্র পরিচালিত হচ্ছে বলে নিশ্চিত করেন। ২০২০-২১ অর্থ বছরে পিএসসিতে ৫৪ জন, জেএসসিতে ৪৬ জন এবং ৫ জন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। শিক্ষাবৃত্তির নিয়মানুযায়ী ৬ষ্ট শ্রেণি হতে ৮ম শ্রেণি পর্যন্ত প্রতি মাসে ৩০০/-, ৯ম শ্রেণি হতে মাধ্যমিক পর্যন্ত প্রতি মাসে ৫০০/- এবং বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের প্রতিমাসে ৩০০০/- টাকা করে শিক্ষা বৃত্তি প্রদান করা হবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ এনডিপির এই কার্যক্রমের প্রশংসা করেন। এছাড়া প্রধান অতিথি বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্যের পাশাপশি প্রকল্পের সফলতা কামনা করেন এবং সরকারের পক্ষ থেকে সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এসময় প্রধান অতিথি বৃত্তি প্রাপ্তদের ৬ জনকে চেক হস্তান্তর করেন।

এছাড়াও অনুষ্ঠানে সংস্থার উপ-পরিচালক (এমএন্ডই) ও শিক্ষা সহায়তা কর্মসূচির ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামানসহ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী, অভিভাবক, শিক্ষক, সাংবাদিকসহ এনডিপির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন, নুরুন নাহার চৌধুরী, ব্যবস্থাপক (প্রশিক্ষণ বিভাগ), এনডিপি।

# প্রাথমিক শিক্ষায় সামাজিক নিরীক্ষা

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে প্রাথমিক শিক্ষায় সামাজিক নিরীক্ষা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৬ই ফেব্রুয়ারী ২০২১ গণসাক্ষরতা অভিযানের সহায়তায় এনডিপি'র প্রধান কার্যালয়ে দিনব্যাপি কর্মশালা অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ পরবর্তী সময়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা হলে পরিকল্পনা ও বাস্তবায়নে গৃহিত পদক্ষেপ সমূহ কি হতে পারে এই বিষয়ে সারাদিন ব্যাপি ওয়ার্কশপে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আমিনুল ইসলাম মন্ডল। এসময় প্রধান অতিথি বলেন; ''বিদ্যালয় খোলার পূর্বে সকল বিদ্যালয়ের শিক্ষক ও বিদ্যালয় সম্পর্কিত কমিটির সদস্যদের কোভিড মোকাবেলায় সচেতনতার জন্য পূর্ব প্রস্তুতি নিশ্চিত করতে হবে। একই সাথে প্রত্যেক বিদ্যালয়ে সুরক্ষা সামগ্রী যেমন; মাস্ক, স্যানিটাইজার এবং হ্যান্ড ওয়াশিং স্টেশনের ব্যবস্থা করতে হবে।''

সভাপতি তাঁর শুভেচ্ছা বক্তব্যে বলেন; ''শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন অত্যান্ত জরুরী। কারণ কোভিড-১৯ পরবর্তী সময়ে দীর্ঘ ১বছর পর ছাত্র ছাত্রীদের বিদ্যালয়মূখী করতে গতানুগতিক পাঠদান প্রক্রিয়ার পরিবর্তন করে শিক্ষা ব্যবস্থায় নতুন ডাইমেনশনের ব্যবস্থা করতে হবে।''

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মোঃ জুলহাস, গণ সাক্ষরতা অভিযানের উপ-পরিচালক কে.এম.এনামুল হক ও বিমান বাংলাদেশ এর প্রকৌশলী মোঃ জাহিদ হোসেন। এছাড়াও গণসাক্ষরতা অভিযানের মোঃ আব্দুর রউফ, কামারখন্দ উপজেলার ঝাঐল ও ভদ্রঘাট ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মন্ডলী, স্লিপ কমিটির সদস্যবৃন্দ ও বিদ্যালয় নিরীক্ষা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপি অনুষ্ঠান পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।




*প্রাথমিক শিক্ষায় সামাজিক নিরীক্ষা অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক*

# সিএসও কোয়ালিশনের Pool Fund For Humanitarian Response বিষয়ক সভা



*বক্তব্য দিচ্ছেন প্রধান অতিথি আব্দুল লতিফ খান, ফ্রিল্যান্স কনসালটেন্ট ও এক্সপার্ট ডিজাস্টার ইমারজেন্সী রেসপন্স, নাহাব*

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে National Alliance of Humanitarian Actors Bangladesh (NAHAB) and OXFAM in Bangladesh এর সহযোগিতায় সিএসও কোয়ালিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ১১ ফেব্রুয়ারী ২০২১ সিরাজগঞ্জ জেলার চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি সভা কক্ষে কোয়ালিশনের সদস্যদের নিয়ে Pool Fund For Humanitarian Response বিষয়ে আলোচনা করা হয়।

মত বিনিময় সভার শুভ উদ্বোধন করেন সিরাজগঞ্জ জেলার এনজিও সমন্বয় পরিষদ ও মানবাধিকার বিষয়ক সিএসও কোয়ালিশন এর সভাপতি এবং এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এমএমএস এর নির্বাহী পরিচালক হাবিবুল্লাহ বাহার ও জেলা প্রেস কাবের সভাপতি হেলাল আহমেদ।

সভায় প্রধান অতিথি ও মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আব্দুল লতিফ খান, ফ্রিল্যান্স কনসালট্যান্ট ও এক্সপার্ট ডিজাস্টার ইমারজেন্সী রেসপন্স, নাহাব। এসময় অংশগ্রহণকারিদের বিস্তারিত আলোচনা ও পরামর্শের ভিত্তিতে সিরাজগঞ্জ জেলার প্রশাসন এবং বিভিন্ন সিভিল সোসাইটি অর্গানাইজেশন এর সমন্বয়ে পুল ফান্ড গঠনের লক্ষ্যে একটি ফোরাম গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অতিদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্টিদেরকে দূর্যোগে সহযোগিতা করাই যার মূল লক্ষ্য। এছাড়া সিরাজগঞ্জ জেলায় বিভিন্ন সময়ে ঘটে যাওয়া মানবাধিকার লংঘন এবং হিউম্যান রাইটস ডিফেন্ডারদের কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বক্তব্য রাখেন মোঃ আশরাফুল আলম নির্বাহী পরিচালক কেপিইউএস, মোঃ লিয়াকত আলী নির্বাহী পরিচালক এমইউএস, শিরিন ফেরদৌসি নির্বাহী পরিচালক এমএমইউএস, হুসনে আরা জলি, নির্বাহী পরিচালক, পিডাব্লিউডি, মোঃ আমিনুল ইসলাম উপ-নির্বাহী পরিচালক আরচেস, মোঃ মাছউদ আহমেদ রোকনী নির্বাহী পরিচালক এমডিও, মোঃ রইজ উদ্দিন বিডিসি ব্র্যাক, আব্দুর রাজ্জাক রাজু নির্বাহী পরিচালক পরিবর্তনসহ প্রমুখ। সভা পরিচালনা করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।

## R2iG এর ইনসেপশন মিটিং



*বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ*

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নতুন প্রকল্প Right to Information for Good Governance (R2iG) এর অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ২২ মার্চ ২০২১ সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের 'শহীদ শামসুদ্দিন' সম্মেলন কক্ষে সভার আয়োজন করেন বাস্তবায়নকারী সংস্থা এনডিপি। প্রকল্পটি দ্যা এশিয়া ফাউন্ডেশনের অর্থায়নে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার শিয়ালবোলি, খোকসাবাড়ী, কালিয়া হরিপুর ও সয়দাবাদ ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।

এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এর শুভেচ্ছা বক্তব্যের মধ্যে দিয়ে সভার কার্যক্রম শুরু হয়, যেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। এসময় প্রধান অতিথি প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং প্রকল্পের উত্তোরত্তর সফলতা কামনা করেন। খোলা আলোচনায় উপস্থিত সকলে প্রকল্প বাস্তবায়নে যেসকল বিষয় সম্পৃক্ত করা যেতে পারে সেদিকেও আলোকপাত করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোহাম্মদ মনির হোসেন ও অতিরিক্ত পুলিশ সুপার (সদর) মোঃ শরাফত ইসলাম। এছাড়াও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বেসরকারী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালকবৃন্দ, প্রিন্ট মিডিয়ার ব্যক্তিবর্গসহ জেলা প্রেস কাবের সভাপতি মোঃ হেলাল আহমেদ ও সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নাসিম রেজা নূর দিপু উপস্থিত ছিলেন। সভার উদ্দেশ্য ও প্রকল্পের বিষয়বস্তু বিস্তারিত উপস্থাপন করেন এনডিপি'র ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী।

## এনডিপি ফিড এর প্রচারণা 'প্রিমিয়ার শো'

এনডিপি বর্তমানে ৪০টি বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রতিবছরই সংস্থার নতুন নতুন কার্যক্রম যুক্ত হচ্ছে। এরই ধারাবাহিকতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে 'এনডিপি ফিড' বাজারজাতকরণ করা হচ্ছে। ফিড এর বাজার প্রসারের লক্ষ্যে প্রচারণামূলক নাটক 'সঠিক সিদ্ধান্ত' প্রদর্শীত হয়। ৩১ জানুয়ারী ২০২১ এনডিপি এর প্রধান কার্যালয়ে ফিডের গুনাগুন সম্পর্কিত নাটকটির 'প্রিমিয়ার শো' প্রচার করা হয়।

'প্রিমিয়ার শো' এর শুভ উদ্বোধন করেন ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নির্বাহী পরিচালক ও এনডিপি ফিড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আলাউদ্দিন খান। তিনি বলেন, '২৯ বছরে এনডিপি বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়ন করলেও এই ধরনের ব্যতিক্রম ধর্মী কাজ করা হয়নি। তবে সংস্থায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে মঞ্চ নাটকের আয়োজন করা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান একইসাথে এনডিপি ফিড এর উত্তরোত্তর সফলতা কামনা করেন।'

খামারীদের সুবিধার্থে নাটকের মাধ্যমে এনডিপি ফিড এর গুণাগুণ ও খাওয়ানোর সঠিক নিয়ম তুলে ধরা হয়েছে। নাটকটি এখন থেকে নিয়মিতভাবে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক, ইউটিউসহ বিভিন্ন প্লাটফর্মে প্রচারিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক জুবায়ের জাহান খান, উপ-মহা ব্যবস্থাপক মোল্লা আব্দুল্লাহ আল মেহদী, উপ-ব্যবস্থাপক মোঃ ফারুক হোসেনসহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া এনডিপি'র পরিচালক, উপ-পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সবাই নাটকটির ভূয়সি প্রশংসা করেন।


*'প্রিমিয়ার শো' এর শুভ উদ্বোধন করেন এনডিপি'র নির্বাহী পরিচালক ও এনডিপি ফিড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আলাউদ্দিন খান।*

## জামালপুরে এমফোরসি প্রকল্পের বাজার সংযোগ কর্মশালা



*বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।*

সুইসকন্টাক্ট-বাংলাদেশ এর সার্বিক সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এমফোরসি প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পে যৌথভাবে অর্থায়ন করছে সুইস এজেন্সী ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন (এসডিসি) এবং বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। প্রকল্পটি জামালপুর ও কুড়িগ্রামসহ মোট ৬টি জেলায় বাস্তবায়িত হচ্ছে। এর মধ্যে জামালপুর জেলার ৫টি উপজেলায় ও কুড়িগ্রামের রৌমারী ও রাজিবপুর উপজেলার চরাঞ্চলে প্রকল্প বাস্তবায়ন করছে এনডিপি। প্রকল্পের কার্যক্রম সম্পর্কে ২৩ ফেব্রুয়ারী ২০২১ জামালপুর জেলার ইসলামপুর উপজেলার বিআরডিবি হলরুমে ''চুক্তিবদ্ধ ফসল ব্যবসায়ীদের নিয়ে চরাঞ্চলে ফসল পরিচর্যা, বিক্রয়, প্রক্রিয়াজাতকরণ কোম্পানী এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে লিংকেজ ওয়াঁকশপ'' অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। দিনব্যাপি ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামালপুর জেলার কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক জাকিয়া সুলতানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ হাবিল উদ্দিন এবং ইসলামপুর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ রেজুয়ানুল ইসলাম।

এমফোরসি প্রকল্পটি'র উদ্দেশ্য হচ্ছে সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান এবং স্থানীয় সেবাদানকারিদের সাথে সম্পৃক্ত হয়ে চরের জন্য একটি টেকসই বাজার ব্যবস্থা গড়ে তোলা। একইসাথে চরাঞ্চলের দরিদ্র কৃষিজীবী মানুষের কর্মসংস্থান সৃষ্টি, আয়বৃদ্ধি, ঝুঁকিহ্রাস এবং মহিলাদের অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করা। এছাড়াও অনুষ্ঠানে ইন্টারভেনশন এরিয়া ম্যানেজার (এমফোরসি বগুড়া) রবিউল হাসান ও সিনিয়র কনসালটেন্ট (এমফোরসি বগুড়া) অভিজিৎ কুমার রায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন এনডিপি এমফোরসি প্রকল্পের ইন্টারভেনশন স্পেশালিষ্ট মোঃ শামছুল আলম।

এনডিপি বার্তা
সংখ্যা ২৭ । বর্ষ ১৩ । জানুয়ারি - মার্চ, ২০২১

## আহ্ছানিয়া মিশনের পক্ষ থেকে কম্বল বিতরণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে সিরাজগঞ্জ সদর ও কামারখন্দ উপজেলায় অসহায় ও দুঃস্থ মানুষদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়। ০৭ জানুয়ারী ২০২১ তারিখে ঢাকা আহ্ছানিয়া মিশন এর অর্থায়নে এবং ক্রিসেন্ট পেপার মিলস্ এর সহযোগিতায় ২১০টি শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়। এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান কম্বল বিতরণের শুভ উদ্বোধন করেন। এসময় তিনি কামারখন্দ উপজেলার ৬০ জন দুঃস্থ মানুষদের হাতে শীতবস্ত্র তুলে দেন।

অপরদিকে সিরাজগঞ্জ সদর উপজেলায় ১৫০ জন অসহায় ও দুঃস্থ মানুষদের মাঝে শীতবস্ত্র তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার পারভেজ। এসময় তিনি বলেন বেসরকারী প্রতিষ্ঠানসমূহ অসহায় মানুষকে সহযোগিতা করছে বলেই দেশ দ্রুত উন্নত হচ্ছে। এজন্য সরকারের পাশাপাশি সকল বেসরকারী প্রতিষ্ঠানকে সরকারের সাথে একনিষ্ঠভাবে কাজ করার আহবান করেন। পরিশেষে সকলের সুস্থতা কামনা করেন এবং শীতবস্ত্র বিতরণকারী সংস্থাকে ধন্যবাদ জানান। এসময় এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান ও ব্যবস্থাপক (নিরীক্ষা) কে.এম. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।



*শীতবস্ত্র (কম্বল) তুলে দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।*

## সৌহার্দ্য III কর্মসূচী'র DPHE I WASH ষ্টেকহোল্ডারদের সাথে ষান্মাসিক সভা



*সভায় উপস্থিত আছেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনিসুর রহমান*

CARE Bangladesh এর অর্থায়নে বাস্তবায়িত সৌহার্দ্য-৩ কর্মসূচি কর্তৃক DPHE ও WASH ষ্টেকহোল্ডারদের সাথে ষান্মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি ১৫ মার্চ ২০২১ কর্মসূচির উদ্যোগে DPHE ও WASH ষ্টেকহোল্ডারদের মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলা নিচু প্রকৃতির হওয়ায় দরিদ্র এবং অতি দরিদ্র মানুষ প্রায় প্রতি বছরই বর্ষা বা বন্যায় ক্ষতির সম্মুখীন হয়। বন্যা জনিত রোগসহ দেখা যায় নিরাপদ পানির সংকট। এসকল সমস্য দূর করতে কর্মসূচির মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ইতোমধ্যেই বাস্তবায়ন করা হয়েছে। যার অংশ হিসেবে WASH বিষয়ক সহায়তা অব্যাহত রাখার জন্য উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণকারিদের মতামত গ্রহণ করা হয়। যেন সিদ্ধান্ত গ্রহণকারিদের সামনে মাঠ পর্যায়ের সমস্যা ও চাহিদা গুলো তুলে ধরা যায় এবং প্রয়োজনিয় WASH বিষয়ক সহায়তা নিশ্চিত করা যায়।

সভায় বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনিসুর রহমান সভাপতিত্বে বেলকুচি উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এস. এম. রবিন উপস্থিত ছিলেন। এছাড়া বেলকুচি উপজেলা ভাইস চেয়াম্যান মোঃ ইউসুফ আলী শেখ ও বেলকুচি উপজেলা মহিলা ভাইস চেয়াম্যান মোছাঃ রত্না বেগমসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ও সৌহার্দ্য-৩ কর্মসূচির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইইএস প্রকল্পের নিরাপদ খাদ্য বিষয়ক র‌্যালী ও আলোচনা সভা

হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত 'গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন' (ইইএস) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। প্রকল্পের উদ্যোগে ''টেকশই উন্নয়ন-সমৃদ্ধ দেশ, নিরাপদ খাদ্যের বাংলাদেশ" স্লোগানে নিরাপদ খাদ্য বিষয়ক র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

১৮ ফেব্রুয়ারী ২০২১ র‌্যালিটি রায়গঞ্জ উপজেলা পরিষদ হতে শুরু হয়ে ধানগড়া প্রকল্প অফিসে এসে শেষ হয়। র‌্যালীতে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাজিবুল আলম, সহকারী কমিশনার (ভূমি) মোঃ সুবীর কুমার দাশ, উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার মোঃ মোমিমুল ইসলাম, জেলা ফুড সেফটি অফিসার সুরাইয়া আখতার মৌসুমীসহ এনডিপির কর্মকর্তাবৃন্দ, প্রকল্পের ৮০ জন উপকারভোগী ও প্রকল্পের প্রস্তাবিত ৫টি সমবায়ের কর্মকর্তাবৃন্দ।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ পৌরসভা মেয়র আব্দুল্লাহ আল পাঠান। মূল আলোচনায় নিরাপদ খাদ্য নিয়ে আলোকপাত করেন উপজেলা ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ আমিনুল ইসলাম। ''এসময় প্রধান অতিথি তার বক্তব্যের মাধ্যমে রায়গঞ্জকে ভেজালমুক্ত খাদ্য নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন একইসাথে সকলের সহযোগিতা কামনা করেন।"



*র‌্যালীতে উপস্থিত আছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাজিবুল আলম ও সহকারী কমিশনার (ভূমি) মোঃ সুবীরকুমার দাশ*

## এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি'র নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৭৩টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি পরিচালিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | মার্চ' ২০২১ | ক্রঃ নং | বিবরণ | মার্চ' ২০২১ | ক্রঃ নং | বিবরণ | মার্চ'২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৭৩ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৮.১১ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৫৫ |
| ২ | মোট সদস্য জন | ১০৫৬১৭ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৬৯% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৬ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ২৯২৯.৪৬ | ১১ | On Time Realization ( OTR) | ৯৮.৭৪% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ২৬১৩.৮০ | ১২ | Liquidity Ratio | ৭.৬৯% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১০১.৫০ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৩১৫৬.৬৬ | ১৩ | Port folio At Risk | ৪.১৪% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৮.৬৮ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ৮৯.১৯ | ১৪ | Delinquent Ratio | ২.৫৭% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৪০ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১৩৭.৪১ | ১৫ | Debt : Equity | ১.৫৪:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৭৪.৯৫% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:৩৪০ | | | |

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ২৭ । বর্ষ ১৩ । জানুয়ারি - মার্চ, ২০২১

## এসইপি তাঁত প্রকল্পের দিনব্যপি প্রশিক্ষণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটির উপ-প্রকল্প হিসেবে ''সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মান সম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি প্রকল্প'' এর আওতায় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তাঁত সংশ্লিষ্ট বিষয়ে পরিবেশগত টেকসই অনুশীলন ও সুরক্ষা নীতি বাস্তবায়ন শীর্ষক দিন ব্যাপী উদ্যোক্তা প্রশিক্ষণ, এনডিপি'র প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।
০৬ ফেব্রুয়ারী ২০২১ দিনব্যপি প্রশিক্ষণে উপস্থিত ছিলেন এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খাঁন। এসময় তিনি প্রকল্প বাস্তবায়নসহ প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল।
প্রকল্পের মাধ্যমে সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলার অধিনস্ত ৮টি পরিবেশ ক্লাবের মাধ্যমে ১৬০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষন পরবর্তীতে অর্জিত জ্ঞান মাঠ পর্যায়ে সফলভাবে প্রয়োগের মাধ্যমে প্রকল্পের সফল বাস্তবায়নের আহবান জানানো হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন এসইপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান। একই সাথে প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য, এবং তাঁত উদ্যোগে সৃষ্ট পরিবেশ দূষণ ও তার ক্ষতিকর প্রভাব বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করেন।



*বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।*

## চৌহালীতে ভিজিডি কর্মসূচির সঞ্চয় ফেরত



*বক্তব্য দিচ্ছেন অনুষ্ঠানের প্রধান অতিথি চৌহালী উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ ফারুক হোসেন।*

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) প্রকল্প ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্থায়নে ও সার্বিক সহযোগিতায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। এর-ই ধারাবাহিকতায় প্রকল্পের আওতাভুক্ত ২০১৯-২০ চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের টাকা ডাচ বাংলা ব্যাংকের মাধ্যমে ফেরত দেয়া হয়। ১৫ ও ১৬ ফেব্রুয়ারী ২০২১ আনুষ্ঠানিকভাবে টাকা ফেরত দেয়ার অনুষ্ঠানের আয়োজন করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এনডিপি। অনুষ্ঠানে চৌহালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ আফসানা ইয়াসমিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ ফারুক হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ বাবুল আক্তার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ শামীম জাহিদ তালুকদার। এছাড়াও এনডিপি এর প্রকল্প কর্মকর্তা (ভিজিডি) মোঃ ফজল করিমসহ ডিবিবিএল ব্যাংকের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## মা ও শিশু সহায়তা কর্মসূচির গর্ভকালীন শিশুর বিকাশ ও বৃদ্ধি বিবেচনায় প্রশিক্ষণ

বিশ্ব খাদ্য কর্মসূচি'র কারিগরি সহযোগিতা এবং এনডিপি'র কৌশলগত সহযোগিতায় বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচি রংপুর জেলার গংগাচড়া উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচির মূল উদ্দেশ্য গর্ভবর্তী ও দুগ্ধদানকারী মায়েদের গর্ভকালীন সময় হতে গুরুত্বপূর্ণ ১০০০ দিন পর্যন্ত মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা। উদ্দেশ্য অর্জনের জন্য নির্বাচিত মাকে প্রতিমাসে ৮০০ টাকা ও স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ জনবল দ্বার মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। কিন্তু করোনা মহামারীর কারনে সরকারের নির্দেশনা অনুযায়ী দীর্ঘদিন মাঠ পর্যায়ের জনসমাগম ও প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ ছিল। তবে গর্ভকালীন সময় শিশুর বিকাশ ও বৃদ্ধির বিষয়টি অত্যান্ত গুরুত্বপূর্ণ বিবেচনা করে স্বল্প পরিসরে ১২ জন সদস্য নিয়ে সর্বোচ্চ স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ পরিচালনা জন্য মহিলা বিষয় অধিদপ্তর একটি নির্দেশনা প্রদান করে। নির্দেশনা অনুযায়ী ইউনিয় নারী উন্নয়ন কর্মী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন কর্মসূচি হতে প্রশিক্ষণ প্রাপ্ত ইউনিয়ন স্বাস্থ্য সহকারী ও ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যান সহকারী, কমিউনিটি হেল্থ কেয়ার প্রভাইডার। মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণ করেন উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাসহ উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণ।



*প্রশিক্ষণ প্রদানের অংশ বিশেষ*

প্রশিক্ষণে মায়েদেরকে গর্ভকালীন সময় 'মায়ের পুষ্টি ও ৫ ধরনের খাবার, শিশুর বিকাশ, মায়ের যত্ন, বুকের দুধের গুরুত্ব ও বুকের দুধ খাওয়ানোর কৌশল, গর্ভকালীন শিশুর সাথে কথা বলা ও উদ্দীপনামূলক খেলা করা, ভিটামিন এ, ডি এবং আয়োডিনের অভাবজনিত রোগ এবং এর উৎসসমূহ তাছাড়া পুষ্টির জন্য অনুপুষ্টি যেমন আয়রন, ক্যালসিয়াম ও জিংক এর ভূমিকা ও উৎসসমূহ" ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া করোনা বিষয় স্বাস্থ্য সচেতনা সম্পর্কে বিভিন্ন তথ্য প্রদান করা হয়।

## সিজিবিভি প্রকল্পের উদ্যোগে গণশুনানি



বক্তব্য দিচ্ছেন সয়দাবাদ ইউনিয়নপরিষদ চেয়ারম্যান মোঃ নবিদুল ইসলাম

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র বাস্তবায়িত জেন্ডার সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের উদ্যোগে গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। ২১ জানুয়ারী ২০২১ প্রকল্পের আয়োজনে সয়দাবাদ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয়। সয়দাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলহাজ্ব মোঃ নবিদুল ইসলাম এর সভাপতিত্বে ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দসহ নারী-পুরুষ ও যুবদলের সদস্যগণ উপস্থিত ছিলেন।

উক্ত গণশুনানিতে চেয়ারম্যানসহ ইউপি সদস্যবৃন্দ ইউনিয়ন পরিষদ থেকে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রদেয় সেবা সমূহ উপস্থিত সকলের উদ্দেশ্যে তুলে ধরেন। এছাড়াও কর্ম এলাকায় এফজিডির প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ থেকে নারীর সেবা প্রাপ্তিতে যে সীমাবদ্ধতা পরিলক্ষিত হয় তা দলের সদস্যরা প্রশ্নের মাধ্যমে তুলে ধরেন। একইসাথে সহিংসতার শিকার নারীর আর্থিক সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে উন্মুক্ত বাজেটে নারীদের অংশগ্রহনের পাশাপাশি নারীদের জন্য আলাদা বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও সালিশ ও বিভিন্ন কমিটিতে নারীর অংশগ্রহণ ও মতামত নিশ্চিত করাসহ সর্বপরি বাল্যবিয়ে প্রতিরোধে ইউপির আরো জোরালো ভূমিকা রাখা প্রয়োজন বলে উল্লেখ করা হয়।

প্রধান অতিথি তার বক্তব্যের মাধ্যমে আগামী বাজেটে নারীদের অংশগ্রহণ ও নারীদের জন্য পৃথক বরাদ্দ রাখার আশ্বাস প্রদান করেন। একইসাথে বাল্যবিয়ে প্রতিরোধে ইউনিয়ন থেকে আরো জোরালো ভূমিকা রাখার আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠান সমাপনীতে খিদির নারী দলের সদস্য, সহিংসতার শিকার ময়ুরীকে সেলাই মেশিন উপহার দেয়া হয়। এছাড়াও ইউনিয়ন পরিষদ হতে উপস্থিত সকল সদস্যকে ০১ টি করে কম্বল প্রদান করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন এনডিপি'র প্রকল্প সমন্বয়কারী (সিজিবিভি) মোছাঃ আকতারী বেগম।

## এনডিপি'র কৃষি ইউনিটের সফলতা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় ২০১৪-১৫ অর্থ বছর বছর হতে এনডিপি কৃষি সম্পদ উন্নয়নে কাজ করে যাচ্ছে। একইসাথে দেশের আধুনিক কৃষি ব্যবস্থার সাথে কৃষককে সময়োপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়ন করে আসছে। ট্রাইকো কম্পোস্ট এবং ভার্মি কম্পোস্ট উৎপাদন, উচ্চ ফলনশীল নতুন ধানের জাত এবং নতুন ফসলজাত (ক্যাপশিকাম, বীটরুট, লেটুস ইত্যাদি), নিরাপদ সবজি উৎপাদন, কোকোডাস্ট ব্যবহার করে সবজি এবং ফলের চারা উৎপাদন, আন্ত:ফসল চাষাবাদ, বসতবাড়িতে বহুস্তরে সবজি চাষ, অরচার্ড উন্নয়ন, ক্রপিং প্যাটার্ন এবং কৃষক প্রশিক্ষণের মাধ্যমে কৃষকের জ্ঞান-দক্ষতার উন্নয়ন ঘটানো কৃষি ইউনিটের মূল কার্যক্রম।

এরই ধারাবাহিকতায় সিরাজগঞ্জ জেলায় কামাখন্দ উপজেলায় ঝাঔল ইউনিয়নে কাশ্মীরি কুল বরই চাষ করা হয়। ৪২ শতক জমিতে কাশ্মীরি কুলের পাশাপাশি পেঁপে চাষ করেন মোঃ নুরুল ইসলাম। ২০১৯-২০ অর্থ বছরে সদস্যকে উচ্চ ফলনশীল নতুন ফসলজাত হিসেবে কাশ্মীরি কুল প্রদর্শনীর অনুদান দেয়া হয়। ভিন্নধর্মী ফসল চাষ করে চাষিও বেশ আনন্দিত। একটি কুলের জমি ১ম, ২য় এবং ৩য় বছরে কুলের ফলন দিয়ে থাকে। ২য় বছরে সর্বোচ্চ ফলন হয়। ১ম বছরেই ৪২ শতাংশ জমিতে সাথী ফসলসহ মোট ব্যয় হয় ৩২ হাজার টাকা। শুধুমাত্র সাথী ফসল বিক্রয় করেই আয় করেন ৩১,৬০০ টাকা। আর জমি থেকে কুল উৎপাদন হয় ৩৯ মণ, যা তিনি বিক্রয় করেন ৬২,২০০ টাকায়। অর্থাৎ ৪২ শতাংশ জমি থেকেই তার নীট লাভ থাকে ৬১,৮০০ টাকা। ভিন্নধর্মী ফসল উৎপাদনে এমন লাভবান হবেন যা কখনো কল্পনাও করেননি কৃষক নুরুল ইসলাম। তিনি ভবিষতেও ভিন্নধর্মীও ফসল উৎপাদন করবেন বলে নিশ্চিত করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা এনডিপি ও পিকেএসএফকে ধন্যবাদ জানান।



বরই বাগনের অংশ বিশেষ

## এসআরএলএফআরআরএস প্রকল্পের খামারীদের গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ

করোনাকালীন সময়ে কৃষিভিত্তিক আয় বৃদ্ধির লক্ষে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র উদ্যোগ্যে ঝুঁকি প্রশমন সেবার মাধ্যমে প্রাণিসম্পদ খামারীদের সমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় পাবনায় এনডিপি চাকলা শাখায় খামারীদের গরু মোটাতাজাকরনের উপর প্রশিক্ষণ এবং ঋন দেওয়া হয়।

উক্ত প্রশিক্ষন কর্মসূচিতে উপস্থিত ছিলেন এনডিপির প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ সাজ্জাদ হোসেন, এনডিপির সমৃদ্ধি কর্মসূচির প্রকল্প সমন্বয়কারী চিন্ময় কুমার রায়, চাকলা শাখা ব্যবস্থাপক আহসান হাবিব, সম্প্রসারন কর্মকর্তা মোঃ বাবুল হোসেন।

খামারীদের প্রশিক্ষণ পর্বের শুরুতে এনডিপির প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ সাজ্জাদ হোসেন গরু মোটাতাজাকরনে গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, কৃমিনাশ প্রদান, টিকা প্রদান, বাসস্থান, সুষম খাদ্য বিষয়ে আলোচনা করেন। প্রশিন পর্ব শেষে ৩০ জন খামারীর মাঝে ঋন প্রদান করা হয়।

## জানুয়ারী-মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Combating Early Marriage in Bangladesh (CEMB) | প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ | পাবনা এবং জয়পুরহাট জেলা। | জানুয়ারী ২০২১ থেকে অক্টোবর ২০২২ | বাল্যবিবাহ প্রতিরোধে প্রাতিষ্ঠানিক ও পরিচালনা পদ্ধতিসমূহের কার্যকারিতা জোরদার করা। |
| ০২ | Rights to Information for Good Governance (R2IG) | দ্যা এশিয়া ফাউন্ডেশন | সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার চারটি ইউনিয়ন (শিয়ালকোল, খোকসাবাড়ী, কালিয়াহরিপুর ও সায়দাবাদ) | জানুয়ারী ২০২১ থেকে জানুয়ারী ২০২২ | নাগরিকের চাহিদা অনুযায়ী সরকারী বিভাগসমূহ জনগণের কাছে তথ্য সরকারী বিভাগকে সংবেদনশীল করে তোলার পাশাপাশি তথ্য অধিকার বিষয়ে সচেতন করা। এবং নাগরিকদের তথ্য চাহিদা পূরণের জন্য মনোনিত আরটিআই অফিসারের দক্ষতা বৃদ্ধি করা । |

## জানুয়ারী-মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Empowering Local and National Humanitarian Actors (ELNHA) Phase-II | OXFAM in Bangladesh | সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলা | ১ জুলাই ২০১৯ থেকে ৩১ মার্চ ২০২১ | দূর্যোগ আক্রান্ত মানুষের দূর্যোগ ঝুঁকি হ্রাস এবং দূর্যোগ পরবর্তী সহায়তা প্রদান করা। |

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ২৭ । বর্ষ ১৩ । জানুয়ারি - মার্চ, ২০২১

## ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের অবহিতকরণ সভা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় বেসরকারী উন্নয়ন সংস্থা "ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্পটি বাস্তবায়ন করছে। গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে কুড়িগ্রাম জেলার চর-রাজিবপুর ও চিলমারী উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।

প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলা সম্মেলন কক্ষে প্রকল্প বিষয়ক "অবহিতকরণ সভা" অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিলমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান শওকত আলী সরকার (বীরবিক্রম)। এসময় তিনি বলেন, প্রকল্পের কর্ম এলাকার মধ্যে অষ্টমির চরকে অন্তর্ভূক্ত করা হলে এই অঞ্চলের মানুষের জন্য যথেষ্ট হত। তিনি প্রতি মাসে প্রকল্পের মাসিক অগ্রগতি রিপোর্ট উপজেলায় জমা দিতে বলেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিলমারী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আছমা বেগম। উপজেলা নির্বাহী অফিসার এ.ডাব্লিউ এম রায়হান শাহ্ এর সভাতিত্বে সভা আরাম্ভ করা হয়। একইসাথে তিনি উপকারভোগী নির্বাচনের সময় জনপ্রতিনিধিদের সহযোগিতা গ্রহণ করা, প্রকৃত দরিদ্র লোককে খুঁজে বের করে তাদের উপকারভোগী নির্বাচন করা, সদস্য নির্বাচনে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ওভারলেপিং না হওয়া, উপকারভোগীর মাঝে বিতরণকৃত ইনপুট সাপোর্ট সঠিকভাবে বন্টন ইত্যাদি বিষয় উল্লেখ করে দিক নির্দেশনা প্রদান করেন।

০৩ মার্চ ২০২১ অনুষ্ঠিত সভায় এনডিপি'র সংক্ষিপ্ত বর্ণনার পাশাপাশি স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। একই সাথে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, বাজেট, প্রকল্পের মেয়াদ, কর্ম এলাকা, প্রকল্পের কার্যক্রম, উপ-কার্যক্রম, উপকারভোগী নির্বাচন মানদন্ড, সামাজিক সুরক্ষা নীতিমালা, পরিবেশ সুরক্ষা নীতিমালা, অভিযোগ নিস্পত্তি নীতিমালা, প্রকল্পের স্থায়ীত্বশীলতার কৌশল ইত্যাদি উপস্থাপন করেন প্রকল্প সমন্বয়কারী মোঃ হাবিবুর রশিদ।



*ইসিসিসিপি ফ্লাড প্রকল্পের অবহিতকরণ সভার অংশ বিশেষ*

## সমৃদ্ধি কর্মসূচির ৩টি পরিবারকে অনুদান



*সহায়তা তুলে দিচ্ছেন এনডিপি'র জোনাল ম্যানেজারকে এম শহিদুল ইসলাম*

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়নে কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সকলকে মানব মর্যাদায় প্রতিষ্ঠিত করাই সমৃদ্ধি কর্মসূচির মূল লক্ষ্য। এ লক্ষ্যে ইউনিয়নের হত দরিদ্র মহিলা ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যাক্তি, বিধবা পরিবার গুলোর মধ্য হতে ২ বছর ব্যাংকে মাসিক ভিত্তিতে সঞ্চয়ের মাধ্যমে সমৃদ্ধি কর্মসূচি থেকে সমপরিমান অর্থ (সর্বোচ্চ কুড়ি হাজার) টাকা ম্যাচিং অনুদান প্রদান করা হয়।

এরই ধারাবাহিকতায় চাকলা ইউনিয়নের ০৩ টি হত দরিদ্র বিশেষ চাহিদা সম্পন্ন পরিবারকে ৬০,০০০ টাকা অনুদান প্রদান করা হয়। ১৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখে সঞ্চয় জমার মেয়াদ ২ বছর পূর্ন হওয়ায় ম্যাচিং অনুদানের চেক প্রদান করা হয়। উল্লেখ্য উক্ত কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ৩১ জনকে ৫,৩৯,৭৩১ টাকা প্রদান করা হয়েছে।

এসময় ০৪ নং চাকলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ ফারুক হোসেনসহ ইউপি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও এনডিপি'র জোনাল ম্যানেজার কে.এম শহিদুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারীসহ এনডিপির অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি বলেন ''সমৃদ্ধি কর্মসূচির সামাজিক বিভিন্নমূখী উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিশেষ সঞ্চয় একটি উল্লেখযোগ্য কার্যক্রম। উপকারভোগী পরিবার গুলোকে নিজস্ব সঞ্চয় ও এনডিপি সমৃদ্ধি কর্মসূচির ম্যাচিং অনুদান কাজে লাগিয়ে সফলভাবে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। যা তাদের জীবনযাত্রার মান উন্নয়নে পরিবর্তন আনবে এবং সামাজিক মর্যাদা বাড়াবে।''

## বিআরএজেডএইচ প্রকল্পের আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে Building Resilience to Achieve Zero Hunger (BRAZH) প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বিশ্ব খাদ্য সংস্থার অর্থায়নে কুড়িগ্রাম জেলার চর-রাজিবপুর ও চিলমারী উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এর-ই ধারাবাহিকতায় ৯ ফেব্রুয়ারী ২০২১ উপজেলার রাণীগঞ্জ ইউনিয়নে আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। ৩ দিন ব্যাপি প্রশিক্ষণে গরু মোটাতাজাকরণের পাশাপাশি ছাগল পালনের প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিলমারী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোহাম্মদ রাশিদুল হক। এছাড়াও প্রকল্পের সাথে সম্পৃক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



*প্রশিক্ষণ প্রদান করছেন চিলমারী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোহাম্মদ রাশিদুল হক*

## এনডিপি'র উদ্যোগে মোছাঃ সুমাইয়া খাতুনকে (১৩) উদ্ধার



*উদ্ধারকৃত মোছাঃ সুমাইয়া খাতুন (১৩) সহ সদর থানার অফিসারবৃন্দ*

গত ১১ ফেব্রুয়ারী ২০২১ মোছাঃ সুমাইয়া খাতুন (১৩) কে ঝিনাইদহ জেলার মহেশপুর থানার সহযোগিতায় উদ্ধার করা হয়। উল্লেখ্য কিশোরী মোছাঃ সুমাইয়া খাতুন ১৬ জানুয়ারী ২০২১ নানা বাড়ি বেড়াতে যাওয়ার কথা বলে বের হয়। এরপর কিশোরী বাড়ি ফিরে না আসলে অনেক খোঁজাখুঁজির পর না পেয়ে কিশোরীর পরিবার ভেঙ্গে পরে।

এমতাবস্থায় এনডিপি'র উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামান, এমএমইউএস এর নির্বাহী পরিচালক শিরিন ফেরদোসী ও জেলা প্রেস কাবের সভাপতি হেলাল আহমেদ এর সহযোগিতায় কিশোরীর বাবা সিরাজগঞ্জ সদর থানায় জিডি করেন। এরপর সিরাজগঞ্জ সদর থানার সার্বিক সহযোগিতায় ও এনডিপি'র সার্বিক তত্ত্বাবধানে কিশোরীকে উদ্ধার করা হয়। এনডিপি'র পক্ষে সকলের সাথে যোগাযোগ করেন সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

# এনডিপি বার্তা

সংখ্যা ২৭ । বর্ষ ১৩ । জানুয়ারি - মার্চ, ২০২১


## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির নারী দিবস ২০২১ উদ্‌যাপন

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়িত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস-২০২১ পালিত হয়েছে। ০৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে এনডিপি'র প্রধান কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ‘‘করোনাকালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতার বিশ্ব’’ স্লোগানে পালিত হয় এবারের দিবসটি। অনুষ্ঠানে সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মেরিনা সুলতানা। এসময় প্রধান অতিথি নারীর ক্ষমতায়ন নিয়ে বিশেষ বক্তব্য প্রদানের পাশাপাশি এরুপ উদ্যোগ গ্রহণ করার জন্য এনডিপিকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে ‘‘নারী হিসাবে নেতৃত্ব প্রদান করার দক্ষতা (পরিবার, সমাজ, কর্মক্ষেত্র)’’ ও ‘‘যে কোন কার্যক্রম/প্রতিযোগীতায় অংশগ্রহণ ও দায়িত্ব পালন’’সহ মোট ১০টি বিভাগ থেকে ৮ জনকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। সংস্থার ঋণ সহায়তা কর্মসূচি হতে ৬ জন এবং প্রকল্প ভিত্তিক কার্যক্রম থেকে ২ জনকে এ সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বিজয়ীদের হাতে স্মারক তুলে দেন। এতে সংস্থার নারী কর্মীরা বেশ অনুপ্রাণিত হয় এবং এর ফলে কর্মীদের কর্ম দক্ষতা বৃদ্ধি পাবে বলে অনুষ্ঠানের প্রধান অতিথি আশাবাদ ব্যক্ত করেন।



*আন্তর্জাতিক নারী দিবস-২০২১ এর অংশ বিশেষ*

সংস্থায় কর্মরত নারী কর্মীদের যেসকল সুবিধা প্রদান করা হয়, সেসম্পর্কে বর্ণনা করেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। এছাড়াও পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

## খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সাধারণ নন এসি কক্ষ | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

## যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org